# যুক্তরাষ্ট্র-ইসরায়েলকে মধ্যপ্রাচ্যছাড়া করার সময় ঘনিয়ে এসেছে: ইরান



ছবি: সংগৃহীত

মধ্যপ্রাচ্যে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের প্রভাব কমানোর সময় খুব বেশি দূরে নয় বলে মন্তব্য করেছেন ইরানের সেনাপ্রধান আমির হাতামি। একই সঙ্গে ইরানের ওপর যুক্তরাষ্ট্রের অর্থনৈতিক চাপ শেষ না হওয়া পর্যন্ত হরমুজ প্রণালি বন্ধ রাখার অবস্থানের কথাও জানিয়েছেন তিনি।

ইরানের সশস্ত্র বাহিনীর এক সমাবেশে দেওয়া বক্তব্যে হাতামি হরমুজ প্রণালিকে দেশের জন্য গুরুত্বপূর্ণ ও মর্যাদার বিষয় হিসেবে উল্লেখ করেন। ইরানের রাষ্ট্রীয় গণমাধ্যমে তার বক্তব্য প্রকাশ করা হয়েছে।

হাতামি বলেন, মধ্যপ্রাচ্যের একটি দেশকে নিরাপত্তাহীন রেখে পুরো অঞ্চলকে নিরাপদ রাখা সম্ভব নয়। ইরানের ওপর চাপ অব্যাহত থাকলে এর প্রভাব অন্য দেশগুলোর ওপরও পড়বে বলে মন্তব্য করেন তিনি।

প্রতিবেশী দেশগুলোর উদ্দেশে তিনি বলেন, যুক্তরাষ্ট্রের সঙ্গে সহযোগিতা করলেই আঞ্চলিক নিরাপত্তা নিশ্চিত হবে—সাম্প্রতিক ঘটনাগুলো এমন ধারণাকে প্রশ্নের মুখে ফেলেছে। ইরান স্বাভাবিকভাবে ব্যবসা ও অর্থনৈতিক কার্যক্রম চালাতে না পারলে অন্য দেশগুলোর জন্যও পরিস্থিতি স্বাভাবিক থাকবে না বলে জানান তিনি।

বিশ্বের অন্যতম গুরুত্বপূর্ণ জ্বালানি পরিবহনপথ হরমুজ প্রণালিকে ঘিরে ইরান ও যুক্তরাষ্ট্রের উত্তেজনার মধ্যেই হাতামির এই বক্তব্য এলো। তিনি ইঙ্গিত দিয়েছেন, আপাতত প্রণালিটি খোলার বিষয়ে তেহরানের অবস্থানে পরিবর্তন আসেনি। মধ্যপ্রাচ্যের নিরাপত্তায় যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের প্রভাব কমানোর প্রয়োজনীয়তার কথাও তুলে ধরেন ইরানের এই সেনাপ্রধান।